

যতদিন না বকেয়া দিচ্ছে কেন্দ্র ততদিন ধরনা, বললেন শশী

স্টাফ রিপোর্টার, শিলিগুড়ি : যতদিন না কেন্দ্রের কাছ থেকে রাজ্যের বকেয়া টাকা মিলছে, ততদিন বঞ্চনার প্রতিবাদে ধরনা চলবে। সাক্ষর জানিয়ে দিলেন, রাজ্যের শিল্প তথা নারী ও শিশু কল্যাণ দফতরের মন্ত্রী শশী পাঁজা। শিলিগুড়িতে কেন্দ্রীয় বঞ্চনার প্রতিবাদে শুরু ধরনা বিক্ষোভ মঞ্চ মঙ্গলবার যোগ দিয়ে এই মন্তব্য করেন তিনি। এদিনের ধরনা মঞ্চ ছিলেন রাজ্যের স্বাস্থ্য রাষ্ট্রমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, সেচ দফতরের রাষ্ট্রমন্ত্রী সাবিনা ইয়াসমিন, সাংসদ মালা রায়, স্মিতা বন্নি, অর্পিতা ঘোষ প্রমুখ। এছাড়াও ছিলেন উত্তরের সাত জেলার নেত্রীরা। এদিনও রাজ্যের বকেয়া টাকা না মেটানোর পাশাপাশি একশো দিনের

কাজ বন্ধ করে দেওয়ার প্রতিবাদ জানানো হয় মঞ্চ থেকে। কেন্দ্রের বিজেপি সরকারের তীব্র সমালোচনা করেন রাজ্যের দুই মন্ত্রী। এমনকি কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে প্যারোডি গান বানিয়ে পরিবেশন করেন মন্ত্রীরা। মন্ত্রী শশী পাঁজা বলেন, “কেন্দ্রীয় সরকার এতটা অমানবিক ব্যবহার করবে সেটা আমরা বুঝতে পারিনি। তাই কলকাতার পর উত্তরবঙ্গেও ধরনা বিক্ষোভ করলাম। এরপর আমাদের মহিলা নেত্রী চন্দ্রিমা ভট্টাচার্য যেখানে ঠিক করবেন, সেখানেই হবে ধরনা। যতদিন আমরা আমাদের প্রাপ্য টাকা পাবো না ধরনা চালিয়ে যাব।” শিল্প তথা নারী ও শিশু কল্যাণ দফতরের

মন্ত্রীর অভিযোগ, যাদের নেতার কনভয়ে মানুষ চাপা পড়লে নেমে দেখে না। তাদের মানুষ চিনে ফেলেছে। ওরা মৃতদেহ নিয়ে শকুনির রাজনীতি করে। তবে যেভাবে পরপর বিস্ফোরণ হচ্ছে সেখানে ষড়যন্ত্র থাকতেই পারে। তদন্তে পুরোটা পরিষ্কার হবে। একই সুরে মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, “হঠাৎ এখন এত বিস্ফোরণ কেন হচ্ছে, খতিয়ে দেখা হবে। প্রশাসন তৎপর রয়েছে। যদি এর পেছনে ষড়যন্ত্র থাকে তাহলে ছাড় পাবে না।” এদিন মেয়র গৌতম দেব, ডেপুটি মেয়র রঞ্জন সরকার, এসজেডিএ চেয়ারম্যান সৌরভ চক্রবর্তী ধরনা মঞ্চে যান।

ছবি : কল্পনা সূত্রধর